কিয়ামতের দিন আল্লাহ তাঁর আকাশমণ্ডলীকে গুটিয়ে ফেলবেন। অতঃপর স্বীয় ডান দ্বারা তা ধরবেন। তারপর তিনি বলবেন, আমিই অধিপতি, প্রতাপশালীরা কোথায়? দাম্ভিকেরা কোথায়? তারপর সাত যমীনকে গুটিয়ে নিবেন। তারপর এগুলো বাম হাত দ্বারা তালুবদ্ধ করবেন। তারপর তিনি বলবেন, আমি অধিপতি, প্রতাপশালীরা কোথায়? দাম্ভিকেরা কোথায়?

আবদুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: কিয়ামতের দিন আল্লাহ তাঁর আকাশমণ্ডলীকে গুটিয়ে ফেলবেন। অতঃপর স্বীয় ডান দ্বারা তা ধরবেন। তারপর তিনি বলবেন, আমিই অধিপতি, প্রতাপশালীরা কোথায়? দাম্ভিকেরা কোথায়? তারপর সাত
যমীনকে গুটিয়ে নিবেন। তারপর এগুলো বাম হাত দ্বারা তালুবদ্ধ করবেন। তারপর তিনি
বলবেন, আমি অধিপতি, প্রতাপশালীরা কোথায়? দাম্ভিকেরা কোথায়? [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা সংবাদ দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জানান যে, মহান আল্লাহ কিয়ামতের দিন সাত আকাশ ঘুটিয়ে দিবেন এবং তার ডান হাত দ্বারা পাকড়াও করবেন। আর সপ্ত যমীন ঘুটিয়ে দিবেন এবং তা তার বাম হাতে নিবেন। আর তিনি যখনই একটি ঘুটাবেন তখন তিনি ঐ সব স্বৈরাচারী ও অহংকারীদের অপমানের সাথে প্রকাশ্যে বলবেন। তিনি প্রকৃত ও পরিপূর্ণ অধিপতি যিনি দুর্বল নন এবং শেষ হওয়ার নন। আর তিনি ছাড়া সব মুনীব, দাস, বিচারক ও অত্যাচারী নিঃশেষ এবং আল্লাহ সামনে অপধস্থ। তিনি যা করেছেন সে সম্পর্কে জিজ্ঞাসা করার কেউ নেই। আর তারা সবাই জিজ্ঞাসিত হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/3387